দৈনিক ইনকিলাব

তারিখ 18 JUN 1997
পৃষ্ঠা ৩ কলাম ৫

# এ বাজেট শিক্ষা ক্ষেত্রে দুর্যোগ বয়ে আনবে
## —ইসলামী ছাত্রসেনা

গত সোমবার বিকাল ৫টায় বাংলাদেশ ইসলামী ছাত্রসেনা ঢাকা মহানগরী শাখার সাধারণ সভা শাখা সভাপতি জসিম উদ্দিন সিদ্দিকীর সভাপতিত্বে সংগঠন কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ছাত্রসেনার কেন্দ্রীয় প্রকাশনা সম্পাদক মুহাম্মদ আলী ফারুকী। প্রধান অতিথি তার বক্তৃতায় বলেন, সংসদে পেশকৃত বাজেটে শিক্ষাখাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখলেও শিক্ষা সামগ্রির মূল্য হ্রাস না হওয়াতে ছাত্র সমাজের শিক্ষা ক্ষেতে চরম দুর্যোগ বয়ে আনবে। অবিলম্বে শিক্ষা সামগ্রীর মূল্য হ্রাস করে ছাত্র সমাজের শিক্ষাজীবন সহজতর করার জন্য সরকারের প্রতি জোর দাবী জানান। নচেৎ ছাত্র সমাজ আন্দোলনের মাধ্যমে তাদের দাবী আদায়ে সরকারকে বাধ্য করবে। অপর প্রস্তাবে পার্বত্য চট্টগ্রাম সমস্যা নিরসন তথাকথিত শান্তিবাহিনীর সন্ত্রাসী কার্যকলাপ বন্ধ পাবর্ত্য অঞ্চলে বসবাস রত বাঙালীদের জান-মালের নিরাপত্তার দাবীতে আগামী ৩০ জুন বিকাল তিনটায় জাতীয় প্রেসক্লাব চত্বরে প্রতিবাদ সমাবেশের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় ইসলাম বিদ্বেষীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জোরদাবী জানানো হয়েছে। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা মহানগর সেক্রেটারী আ.ফ.ম হাছান মাহমুদ, দপ্তর সম্পাদক মোঃ আনোয়ার হোসেন, মোঃ ছালামত উল্লাহ প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।